1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES

থানা বীজপুর,
মৌজা জেঠিয়া,
জমি ১৫৯২ বর্গফুট,
কভার্ড এরিয়া দ্বিতলে ১১০৮, বর্গফুট,
টিন শেড ১১০, কমন সিঁড়ি ৪০ বর্গফুট
একতলার ছাদ ৫২ বর্গফুট।

Value assessed at Rs
Deficit Stamp duty of Rs 12907/-
Realised by Bank draft No. 170354
dt. 4.8.01 S.B.I Naihati
from the presentant.

A.D.S.R. Naihati
Collector U/S 41. 42
6.8.01

Addl. Dist. Sub-Registrar Naihati, North 24 Pgs.
6 AUG 2001

দানপত্র

সম্পত্তির মূল্য ৩,০০,০০০ টাকা।

গ্রহিতা:- শ্রী বিদ্যুৎ কুমার ঘোষ পিতা শ্রী নৃপেন্দ্র নারায়ন ঘোষ জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং হালিসহর, বিবেকানন্দ রোড, থানা বীজপুর, জেলা উত্তর ২৪ পরগণা।

১০০০ - এক হাজার টাকা

২৩.৭.২০০১

২৪,০০০ টাকা

11-00AM

D.C.St. Reg.

Priti Rani
প্রীতি রাণী ঘোষ
স্বা: শ্রী নৃপেন্দ্র নারায়ণ ঘোষ

Priti Rani Ghosh
w/o Nripendra Narayan Ghosh
of Hali Sahar
[redacted]

Add'l Dist Sub-Registrar
Naihati, North 24 Pgs.
- 1 AUG 2001



6365

শ্রী নৃপেন্দ্র নারায়ণ ঘোষ
পি: শ্রী যোগেন্দ্র নারায়ণ ঘোষ

Nripendra Narayan Ghosh
S/o Lt. Jogendra Ch. Ghosh
Hali Sahar
[redacted]



6367

Add'l Dist Sub-Registrar
Naihati, North 24 Pgs.
- 1 AUG 2001

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ रु.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES



জেলা উত্তর ২৪ পরগণা থানা বীজপুর রেজেষ্ট্রী অফিস নৈহাটীর এলাকা হাবেলী সহর পরগণার অন্তর্গত মৌজা জেঠিয়া গ্রামে ৬০৬ নং খতিয়ানে ৭৪।১০৭ নং দাগে বাস্ত জমি জমা যাহা আমি নৈহাটী অফিসের রেজেষ্ট্রী যুক্ত গত ইং ২৮।১।৭৬ তারিখে ১ নং বহির ৩ নং ভলুমের ২৮০ হইতে ২৮৪ পৃষ্ঠায় নকলকৃত ৪৭৮ নং কোবালা মূলে ২ কাঠা ৮ ছটাক এবং ৭।১।৭৮ তারিখে ১ নং বহির ৫ নং ভলুমের ১৭১ হইতে ১৭৪ পৃষ্ঠায় নকলকৃত ৪৭ নং কোবালা মূলে ৩ কাঠা ১০ ছটাক এইরূপে মোট দুইটি দলিলে ৬ কাঠা ২ ছটাক জমি শ্রী অজয় কুমার বসু মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া উহাতে অন্যের বিনা স্বত্ব সংস্রবে নির্দায় নির্দ্দোষ অবস্থায় মালিকান সরকারে করাদি আদায়ে ও স্থানীয় পৌরসভায় ট্যাক্সাদি আদায় দিয়া থাকে -

ভোগবতী ও দখলিকারিনী আছি। তুমি দানপত্র গ্রহিতা আমার পুত্র হইতেছ। তুমি আমার সংসার ভুক্ত থাকিয়া অতিশয় যত্ন সহকারে আমাকে দেখাশুনা ও সেবা শুশ্রূষাদি করিয়া আসিতেছ। তোমার সেবা শুশ্রূষায় আমি সন্তুষ্ট ও প্রীত হইয়াছি এবং যতদিন জীবিত থাকিব ততদিন ঐরূপ ভাবে সেবা শুশ্রূষাদি করিবে এদৃঢ় বিশ্বাস তোমার প্রতি আমার আছে এবং তুমিও ঐরূপ প্রতিশ্রুতি দিয়াছ। একারন স্বাভাবিক স্নেহ পরবশ: হইয়া আমার স্বত্ব দখলীয় উপরোক্ত জমির মধ্যে নিম্নের তপশীল বর্ণিত ১৫৯২ বর্গফুট জমি এবং দ্বিতলে ১১০৮ বর্গফুট পাকা ১১০ বর্গফুট টিন খোলা ছাদ ৬২ বর্গফুট এবং কমন সিঁড়ি ৪০ বর্গফুট সহ মোট ১৩২০ বর্গফুট কভার্ড এরিয়া সহ যাহার আনুমানিক মূল্য ৩,০০,০০০, তিন লক্ষ টাকা হইবে তৎসমুদয় তোমাকে নিব্যূঢ় স্বত্বে দান করিয়া এককালীন চিরতরে নি:স্বত্ব হইলাম। দানকৃত সম্পত্তিতে আমার অদ্য ইস্তক যে সকল স্বত্ব লভ্য দখল সংশ্রবাদি ছিল বা আছে তাহা রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে তোমাতে বর্তিল। তুমি অদ্য হইতে দানকৃত সম্পত্তি তোমার নিজাধিকারে লইয়া আমার স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইয়া তাহার ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি নিজ নামে পত্তনে মালিক বরাবর ও স্থানীয় পৌরসভায় আদায় দিয়া দানকৃত সম্পত্তি দান বিক্রয় প্রভৃতি সর্বপ্রকার হস্তান্তর করনাদির সম্পূর্ণ ক্ষমতার সহিত পুত্র পৌত্রাদি ওয়ারিশ ও স্থলাভিষিক্তগণ এযে যথেচ্ছায় পরম সুখে ভোগ দখল করিতে থাক তাহাতে আমি বা আমার অপর কোন ওয়ারিশ বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া বা আপত্তি আদি করে বা আমি করি তবে তাহা সর্বস্থলে সর্ব আইন আদালতে বাতিল ও নামঞ্জুর হইবেক।

- ।৫। -

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দানপত্র দলিলের মর্ম অবগত হইয়া সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৪০৮ ১৬ই শ্রাবণ, ইং ১।৮।২০০১

তপশীল সম্পত্তি

*************

জেলা উত্তর ২৪ পরগণা থানা বীজপুর রেজেস্ট্রী অফিস নৈহাটীর এলাকা হাবেলী সহর পরগণার অন্তর্গত মৌজা জেঠিয়া গ্রামে মালিক বর্ত্তমানে পশ্চিমবঙ্গ সরকার অধিকারে রায়ত দখলী স্বত্ব জে এল নং ১৬, রে সা নং ৪৬, তৌজি নং ২৫১৮, জং খং নং ৬০৫, নিজ খতিয়ান ৬০৬, বার্ষিক খাজনা ৪৭ পয়সা জমায় -

৬০৬ ছয়শত ছয় নং খতিয়ানে -

৭৪/১০৭ চুয়াত্তর এর বাটা একশত সাত নং দাগে বাস্ত ৬ কাঠা ২ ছটাক জমি মায় দ্বিতল ইমারতাদি ইহার মধ্যে অত্রসহ নকসায় লাল রঙে বেষ্টিত ৯৩২ বর্গফুট খালি জমি এবং দ্বিতলে চার কামরা ঘর বারান্দা ঠাকুর ঘর, রান্নাঘর, পায়খানা বাথরুম সহ কভার্ড এরিয়া ১১০৮ বর্গফুট পাকা, ১১০ বর্গফুট সেমিপাকা ছাউনী হীন খালি ছাদ ৬২ বর্গফুট কমন সিঁড়ি ৪০ বর্গফুট সহ মোট ১৩২০ বর্গফুট কভার্ড এরিয়া যাহার আট আনা অংশে ৬৬০ বর্গফুট তলস্থ জমি সহ মোট ১৫৯২ বর্গফুট জমি বা ৩.৬৫ শতক জমি মায় উক্ত দ্বিতলে ১৩২০ বর্গফুট কমন সিঁড়ি সহ গৃহাদী ৬২ বর্গফুট ছাদ সহ দরবস্ত হক হকুক দান করিলাম।

ইহা হালিসহর পৌরসভার অধীন বিবেকানন্দ রোড ৩৫।২৮।৩৩ নং হোল্ডিং এর অংশ হইতেছে।

প্রকাশ থাকে অত্রসহ নকসায় সবুজ রঙে যে কমন প্যাসেজ দেখান আছে তাহার উপর দিয়া যাতায়াত ইলেকট্রিক লাইন, জলের পাইপ আনায় জলনিকাশ, ইত্যাদি রূপে ব্যবহারের স্বত্ব রহিল এবং তোমার নীচে যে খালি জমি দান করিলাম তাহা আমার পুত্র প্রদীপ কুমার ঘোষ তাহার দানসূত্রে প্রাপ্ত বাড়ী মেরামতির জন্য ব্যবহার করিতে পারিবে।

চৌহদ্দি : (কভার্ড এরিয়া বাদে খালি জমি)

১ম বন্দ - উত্তর পশ্চিম কোনে

উত্তর - এজমালি প্যাসেজ, দক্ষিণ - আমার নিজ বাড়ী পূর্ব - প্রদীপ কুমার ঘোষ পশ্চিম - আমার নিজ জমি।

২য় বন্দ (দক্ষিণ দিকে)

উত্তর - প্রদীপ কুমার ঘোষ, দক্ষিণ - ৫ ফুট কমন প্যাসেজ, পূর্ব - প্রদীপ কুমার ঘোষ, পশ্চিম - আমার নিজ বাড়ী ও প্রদীপ কুমার ঘোষ।

৩য় বন্দ - (উত্তর পূর্ব কোনে)

উত্তর - এজমালি প্যাসেজ, দক্ষিণ - প্রদীপ কুমার ঘোষ পূর্ব - ৮ ফুট রাস্তা, পশ্চিম - প্রদীপ কুমার ঘোষ।

অত্রসহ নকসা এই দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

মুসাবিদাকারক:
শ্রী স্বপন কুমার মিত্র
শ্রী স্বপন কুমার. মিত্র
সাং কাঁঠালপাড়া,
নৈহাটী এ ডি এস আর অফিস,
লাইসেন্স নং XII-২৪ ইং ১৯৮৫

ইসাদি :
শ্রী প্রদ্যোৎ কুমার ঘোষ
হালিশহর পূর্ব্বাচল
প্রদীপ কুমার ঘোষ
হালিশহর

টাইপকারক:
কাঁঠালপাড়া, নৈহাটী।


...WING THE SITE PLAN FOR GIFT DEED
...ARKED IN RED At MOUZA - JETIA, J.L NO. 16
R.S. NO. 46 OF R.S. & L.R. DAG NO. 74/107
R.S. KHATIAN NO. 606 L.R. KHATIAN NO.
HOLDING NO. 35/28/33 At VIVEKA-
NANDA ROAD, WARD NO. 15 UNDER
HALISAHAR MUNICIPALITY. P.S. BIZPUR
DIST. 24 PARGANAS (NORTH).

SCALE 1:16

**DONEE**
Sri Bidyut Kr. Ghosh
S/O Sri Nripendra Narayan Ghosh
Halisahar Vivekananda Road
P.S. Bizpur, Dist. 24 pgs(N)

**DONOR**
Smt. Priti Rani Ghosh
W/O Sri Nripendra Narayan Ghosh
Halisahar Vivekananda Road
P.S. Bizpur, Dist. 24 pgs(N)

LAND AREA 1592 Sft (Approx)
COMMON STAIR CASE AREA - 40 Sft.
FIRST FLOOR COV. AREA - 1108.00 Sft
OPEN TERRACE AREA - 62.00 Sft
TIN SHEED AREA - 110.00 Sft.




SIGNATURE OF DONOR

SIGNATURE OF DONEE

Mohan Kumar Sarkar D.C.E
Building Planner, Estimator & Surveyor
Licence No. 605
DRAWN BY

Wh-3645

Add! Dist Sub-Registrar
Naihati, North 24 Pgs.
-1 AUG 2001

Registered
Plan pasted on

Book No. I
Volume No. 78
Pages 3815 to 3827
Being No. 3815
for the year 19 2001

Add! Dist Sub-Registrar
Naihati North 24 Pgs.
8.8.2001